

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৫৪

আরবি মূল আয়াত:

هُدًى وَ ذِكْرٍ لِّلْأُولَى الْآلِبَابِ ﴿٥٤﴾

অনুবাদসমূহ:

যা জ্ঞান-বুদ্ধিসম্পন্নদের জন্য হিদায়াত ও উপদেশ। — আল-বায়ান

(সে কিতাব ছিল) জ্ঞানবুদ্ধিসম্পন্ন লোকদের জন্য সঠিক পথের দিশারী ও উপদেশ। — তাইসিরুল

পথনির্দেশ ও উপদেশ স্বরূপ; বোধশক্তি সম্পন্ন লোকদের জন্য। — মুজিবুর রহমান

As guidance and a reminder for those of understanding. — Sahih International

৫৪. পথনির্দেশ ও উপদেশস্বরূপ বোধশক্তি সম্পন্ন লোকদের জন্য।

-

তাফসীরে জাকারিয়া

(৫৪) বুদ্ধিশক্তিসম্পন্ন লোকদের জন্য পথনির্দেশ ও উপদেশস্বরূপ। [1]

[1] هُدًى وَ ذِكْرٍ لِّلْأُولَى হল ক্রিয়াবিশেষ্য এবং 'হাল' (যা পূর্বে আলোচ্য বিষয়ের অবস্থা বর্ণনা করে) এর স্থানে ব্যবহার হয়েছে। আর এই কারণে তার উপর 'যবর' এসেছে। অর্থ, هَادٍ এবং مُذَكِّرٌ (হিদায়াত দাতা এবং নসীহতকারী)। 'বুদ্ধিমানদের' বলতে যারা সুষ্ঠু বিবেকের অধিকারী। কারণ, তারাই আসমানী কিতাব দ্বারা উপকৃত হয় এবং তা থেকে হিদায়াত ও উপদেশ গ্রহণ করে। অন্যরা তো সেই গাধার মত, যার (পিঠের) উপরে থাকে কিতাবের বোঝা, কিন্তু এ কিতাবগুলোর মধ্যে কি আছে, সে ব্যাপারে সে হয় অজ্ঞ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4187>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন